

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭২০
আগরতলা, ১৪ নভেম্বর ২০১৭

বিধানসভা সংবাদ

রাজ্যে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ পেয়েছেন ১,৪৭৯৯ জন

রাজ্যে গত তিনটি অর্থ বছরে ৯,৪৬৮ জন প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থী দক্ষতা বিকশিত হয়ে, প্রত্যয়িত (সার্টিফাইড) হয়েছে। এই সময়ে ১,৪৭৯৯ জন প্রার্থী প্রশিক্ষণ পেয়েছেন। আজ বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বিধায়ক রতন লাল নাথের লিখিত প্রশ্নের উত্তরে শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী এই তথ্য জানান। বছর ভিত্তিক পরিসংখ্যান দিয়ে তিনি জানান, ২০১৪-২০১৫ অর্থবছরে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ পেয়েছেন ২৪৯৮ জন। এর মধ্যে ১,৩৪৩ জন প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থী প্রত্যয়িত (সার্টিফায়েড) হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রশিক্ষণ পেয়েছেন ৩,৬৮০ জন। এর মধ্যে ৩,৪৭০ জন প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থী প্রত্যয়িত (সার্টিফায়েড) হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে প্রশিক্ষণ পেয়েছে ৮,২৬১ জন এবং এর মধ্যে প্রত্যয়িত (সার্টিফায়েড) হয়েছে ৪৬৫৫ জন।

শিল্প ও বাণিজ্য মন্ত্রী আরও জানান, উল্লিখিত তিনটি অর্থ বছরে ৬৯৯৭ জন প্রত্যয়িত (সার্টিফাইড) প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থী কর্মসংস্থানের সুবিধা পেয়েছেন।
